



## শেখ হাসিনাকে প্রত্যর্পণের অনুরোধ পর্যালোচনায় আছে: ভারত



সংগৃহীত ছবি

বাংলাদেশ থেকে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রত্যর্পণের নতুন অনুরোধ এসেছে এবং এটি বর্তমানে পর্যালোচনা করা হচ্ছে এমনটি জানিয়েছেন ভারত।

আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মৃত্যুদণ্ডপ্রাপ্ত শেখ হাসিনা ২০২৪ সালের আগস্ট থেকে ভারতে অবস্থান করছেন।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল বুধবার এক সংবাদ ব্রিফিংয়ে জানিয়েছেন, বাংলাদেশের পক্ষ থেকে শেখ হাসিনাকে প্রত্যর্পণের বিষয়ে নতুনভাবে অনুরোধ এসেছে এবং তা বর্তমানে বিবেচনা করা হচ্ছে। তিনি জানান, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে মৃত্যুদণ্ডপ্রাপ্ত সাবেক প্রধানমন্ত্রীকে ফেরত চাওয়ার বিষয়টি এবারই আনুষ্ঠানিকভাবে স্বীকার করা হলো।

শেখ হাসিনা ২০২৪ সালের আগস্ট থেকে ভারতে অবস্থান করছেন। এর আগে গত বছরের জুলাইয়ে বাংলাদেশে ছাত্র ও জনতাকেন্দ্রিক তুমুল আন্দোলনের কারণে তিনি দেশ ছেড়ে ভারতে গিয়েছিলেন। এর আগে দু'বার বাংলাদেশ সরকারের পক্ষ থেকে তাকে ফেরত চাওয়ার চিঠি পাঠানো হলেও, এবারই প্রথম দিল্লি তা প্রকাশ্যভাবে স্বীকার করলো।